

পরিচিতি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঢাকা ও চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এর বিপরীতে উত্থাপিত অডিট আপত্তি এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হইয়াছে। উক্ত প্রতিষ্ঠানসমূহের অধীনস্থ (৪৬+৬৪+৮৯)=১৯৯টি নিরীক্ষাযোগ্য ইউনিট রহিয়াছে। উক্ত নিরীক্ষাযোগ্য ইউনিটসমূহের মধ্যে ২৫টি ইউনিটের ৪৭টি গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতির বিবরণ সংশ্লিষ্ট অধ্যায়ে সংক্ষিপ্তভাবে আলোচনা করা হইয়াছে।

ইহা সাধারণভাবে স্বীকৃত যে, সরকারী হিসাব পদ্ধতি সরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠানের লেনদেন লিপিবদ্ধ ও নিয়ন্ত্রণ করিতে এবং যে কোন সময়ের ঐ সব সংস্থার প্রকৃত অবস্থা নির্ণয় করিবার জন্য অনুপযোগী। সরকারী হিসাব পদ্ধতি এবং বাণিজ্যিক হিসাব পদ্ধতির মধ্যে অনেক পার্থক্য আছে। সর্বাপেক্ষা উল্লেখযোগ্য এই যে, সরকারী হিসাব পদ্ধতিতে নির্দিষ্ট সময়ের কোন প্রাপ্তি ও পরিশোধ লিপিবদ্ধ করা হয়, অথচ বাণিজ্যিক হিসাব পদ্ধতিতে নির্দিষ্ট সময়ের উপচিত আয় ও ব্যয় লিপিবদ্ধ করা হয় ফলে সরকারী হিসাব পদ্ধতিতে সম্পদ ও দায়-দায়িত্বসমূহের জের এবং অনেক ক্ষেত্রেই সরকারী আন্তঃ বিভাগীয় লেনদেনের ফলাফল বা পরোক্ষ ব্যয় অন্তর্ভুক্ত করা হয় না।